

**প্রফেসর ডঃ সীমা জামান**
ডীন (ভারপ্রাপ্ত)
আইন অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
ও
কমিশনের সদস্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ভারপ্রাপ্ত ডীন, আইন বিভাগের অধ্যাপক ও সিনেট সদস্য ড. সীমা জামান জুডিসিয়াল সার্ভিস কমিশনের অন্যতম সদস্য হিসাবে দায়িত্ব পালন করছেন। জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭ এর বিধি ৩(২) ও ৩(৩) মোতাবেক মহামান্য রাষ্ট্রপতি তাকে জুডিসিয়াল সার্ভিস কমিশনের সদস্য হিসেবে পাঁচ বছরের জন্য নিয়োগ দিয়েছেন।

অধ্যাপক সীমা তার সুদীর্ঘ শিক্ষকতা জীবনে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ২০১৮ থেকে ২০২১ সাল পর্যন্ত ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে উপদেষ্টা, এমপাওয়ারমেন্ট থ্রু ল অফ দ্য কমন পিপল-এর অধীনে স্ট্রিট ল প্রোগ্রাম-এর কোঅর্ডিনেটর এবং ২০০১-২০০৮ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন্নেসা মুজিব হলের হাউজ টিউটর হিসেবে দায়িত্ব পালন।

অধ্যাপক সীমা আন্তর্জাতিক বাণিজ্য, মানবাধিকার এবং ইনটেলেকচুয়াল প্রোপার্টি বিষয়ে একজন কৃতি গবেষক। আন্তর্জাতিক বাণিজ্য, ইনটেলেকচুয়াল প্রোপার্টি ও আইন বিষয়ে বিভিন্ন জার্নালে তাঁর ২২টিরও অধিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি জাতীয় ও আন্তর্জাতিক পরামর্শক হিসেবে ইউএনএইচসিআর, ইউএনডিপি, ইউরোপীয়ান ইউনিয়ন, এনএইচআরসি, এইচআরডিসি, মানুষের জন্য ফাউন্ডেশন, আইন মন্ত্রণালয়ের জাস্টিস অ্যান্ড পার্লামেন্ট অ্যাফেয়ার্স-এর অধীনে আইন-বিষয়ক বিভিন্ন প্রকল্পে কাজ করছেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে আইন বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি থেকে এলএল.এম. (ইনটেলেকচুয়াল প্রোপারটি ল) ডিগ্রি এবং অস্ট্রেলিয়ার ম্যাকয়েরী বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি অর্জন করেন।

তিনি ২০টিরও অধিক দেশে বিভিন্ন ওয়ার্কশপ, সেমিনার ও প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।